

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৯৬

৩. যাকাত অধ্যায় (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ২৫. কোনো লোকের সমস্ত সম্পদ সাদাকা করা নিষেধ

بَابِ النَّهْيِ عَنْ الصَّدَقَةِ بِجَمِيعِ مَا عِنْدَ الرَّجُلِ

## আরবী

أَخْبَرَنَا يَعْلَى وَأَحْمَدُ بْنُ خَالِدِ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَقَ عَنْ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ قَتَادَةَ عَنْ مَحْمُودِ بْنِ لَبِيدٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ بَيْنَا نَحْنُ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ جَاءَ رَجُلٌ بِمِثْلِ الْبَيْضَةِ مِنْ ذَهَبٍ أَصَابَهَا فِي بَعْضِ الْمَغَاذِي قَالَ أَحْمَدُ فِي بَعْضِ الْمَعَادِنِ وَهُو الصَّوَابُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ خُذْهَا مِنِّي صَدَقَةً فَوَاللَّهِ مَا لِي مَالٌ غَيْرَهَا فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ جَاءَهُ عَنْ رُكْنِهِ الْأَيْسَرِ فَقَالَ مِثْلَ ذَلِكَ ثُمَّ جَاءَهُ مِنْ بَيْنِ يَدَيْهِ فَقَالَ عَنْرَهَا فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ جَاءَهُ عَنْ رُكْنِهِ الْأَيْسَرِ فَقَالَ مِثْلَ ذَلِكَ ثُمَّ جَاءَهُ مِنْ بَيْنِ يَدَيْهِ فَقَالَ مِثْلَ ذَلِكَ ثُمَّ جَاءَهُ مِنْ بَيْنِ يَدَيْهِ فَقَالَ مِثْلُ ذَلِكَ ثُمَّ قَالَ هَاتِهَا مُغْضَبًا فَحَذَفَهُ بِهَا حَذْفَةً لَوْ أَصَابَهُ لَأَوْجَعَهُ أَوْ عَقَرَهُ ثُمَّ قَالَ يَعْمِدُ أَعَرَضَ عَلْهُ لَا يَمْلِكُ غَيْرَهُ فَيَتَصَدَّقَ بِهِ ثُمَّ يَقْعُدُ يَتَكَفَّفُ النَّاسَ إِنَّمَا الصَّدَقَةُ عَنْ ظَهْرِ غَنْ مَلْكُ لَا عَلْكَ لَا عَلْكَ لَا عَلْمَ لَكَ لَا حَاجَةَ لَنَا بِهِ فَأَخَذَ الرَّجُلُ مَالَهُ وَذَهَبَ قَالَ أَبُو مُحَمَّد كَانَ مَالِكُ يَعْمِدُ عَلَى الرَّجُلُ مَالَهُ وَيَ الرَّالِكَ لَا الرَّجُلُ مَالَهُ فِي الْمَسَاكِينِ يَتَصَدَّقُ بِثُلُثِ مَالِهِ لَا الرَّجُلُ مَالَهُ فِي الْمَسَاكِينِ يَتَصَدَّقُ بُثُلُثِ مَالِهِ

## বাংলা

১৬৯৬. জাবির ইবনু আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লামের নিকট উপস্থিত ছিলাম। এমতাবস্থায় জনৈক ব্যক্তি ডিমের পরিমাণ এক টুকরা স্বর্ণ-যা সে কোনো যুদ্ধে (গণিমাত হিসেবে) –(বর্ণনাকারী আহমাদ বলেন, 'কোনো খনিতে'- আর সেটিই সঠিক)- পেয়েছিল- তা নিয়ে তাঁর নিকট উপস্থিত হলো। অত:পর সে বললো, ইয়া রাসূলুল্লাহ! আমার নিকট থেকে এটি সাদাকা হিসেবে গ্রহণ করুন। আল্লাহর কসম! এ ব্যতীত আমার আর কোনোই সম্পদ নেই। তখন তিনি তার থেকে মুখ ফিরিয়ে নিলেন। এরপর সে বাম পাশ থেকে এসে পুণরায় একই কথা বললো। এরপর সে সামনে দিয়ে এসে পুণরায় একই কথা বললো। তখন তিনি রেগে গিয়ে বললেন: "যোও, নিয়ে এসো!" এরপর তিনি সেটি (নিয়ে) এত জোরে তার দিকে নিক্ষেপ করলেন যে, যদি সেটি তার গায়ে লাগত তবে নিশ্চয়ই সে আঘাত পেতো, কিংবা আহত হতো। অত:পর তিনি বললেন: "তোমাদের কেউ তার মালিকানার সমস্ত মাল-সম্পদ নিয়ে এসে বলে, 'এটা সাদাকা স্বরূপ (দান করলাম)।' অত:পর সে লোকদের নিকট সাহায্যের জন্য স্বীয় হাত প্রসারিত করে। (জেনে



রাখো!) উত্তম সাদাকা তো তাই- যা সচ্ছল অবস্থায় দেওয়া হয়। (এরপর লোকটিকে উদ্দেশ্যে করে বললেন:) তোমার মাল তুমি নিয়ে যাও, এতে আমাদের কোনোই প্রয়োজন নেই।"

এরপর লোকটি তার মাল নিয়ে চলে গেলো।[1] আবূ মুহাম্মদ বলেন, মালিক বলতেন, যখন কোনো লোক তার মাল মিসকীনদেরকে দান করতে চাই, তখন সে যেন তার মালের এক তৃতীয়াংশ দান করে।

## ফুটনোট

[1] তাহকীক: এর রাবীগণ সকলেই বিশ্বস্ত তবে ইবনু ইসহাক এটি আন'আন পদ্ধতিতে বর্ণনা করেছেন, আর তিনি মুদাল্লিস রাবী। ((আলবানী একে হাসান বলেছেন, আবু দাউদ ১৬৫৭-অনুবাদক))।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২০৮৪; সহীহ ইবনু হিব্বান নং ৩৩৭২ ও মাওয়ারিদুয যামআন নং ৮৩৯ তে। ((আবূ দাউদ, যাকাত ১৬৭৩-অনুবাদক))

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন